মোঃ ইসমাইল হোসেন
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা),নিউ বেইলি
রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০০৮.১৮.৩

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯
০৬ জুন ২০২৩

বিষয়: কুমিল্লা, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, চাঁপাইনবাবগঞ্জ জেলার অন্তর্গত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের এর স্মারক নং-শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪; তা:০৯/০৯/১৫খ্রি. সদয় দেখা যেতে পারে।
(২) চাঁন্দাইশ আলহাজ্ব অলিমিয়া ইসলামিয়া বহুমুখী আলিম মাদ্রাসার স্মারক নং-চা-আ-মা-০৮/২৩; তারিখ: ০৭/০৫/২৩ খ্রি. ডকেট: ৬২৫১; তা: ০৮/০৫/২৩খ্রি.
(৩) মনতলী রহমানিয়া ফাযিল মাদ্রাসার স্মারক নং-ম.র.ফা.মা-১৯৬/২০২৩; তা: ০৮/০৫/২৩ ডকেট: ৬২১৯; তা: ০৯/০৫/২৩ খ্রি.
(৪) জগতপুর আপ্তাবিয়া দারুল হুদা ফাযিল মাদ্রাসার মাদ্রাসার স্মারক নং-জফামা-অ/শ/ক/অ/নি-৭২৫/২০২৩; তা: ১০/০৫/২৩ ডকেট: ৬৩৭৮; তা: ১০/০৫/২৩খ্রি.
(৫) কমলাপুর আলিম মাদ্রাসার স্মারক নং-ক:আ:ম-২৩/২৪; তা: ১০/০৫/২৩ খ্রি. ডকেট: ৫৪৮২; তা: ১১/০৫/২৩খ্রি.
(৬) গোদনাইল বাগপাড়া আলিম মাদ্রাসার আবেদন; তা: ০৮/০৫/২৩ খ্রি. ডকেট: ৬২৩৮; তা: ০৮/০৫/২৩খ্রি.
(৭) চরসুবুদ্ধি ফাজিল মাদ্রাসার আবেদন; তা: ১১/০৪/২৩ খ্রি. ডকেট: ৫৮৩১; তা: ১৭/০৪/২৩খ্রি.
(৮) বিনোদপুর আলিম মাদ্রাসার স্মারক নং- বিআমা/ডিজি প্র:ম:/০৬/২০২৩; তা: ০২/০৫/২৩ ডকেট: ৬২১৭; তা: ০৮/০৫/২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ ২নং থেকে ৮নং স্মারকে মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোস্থ স্মারকে অর্পিত ক্ষমতা বলে নিম্নোক্ত মাদ্রাসার নামের পাশে বর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে ছকে উল্লিখিত কর্মকর্তাকে মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক এর প্রতিনিধি হিসেবে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

| ক্র.ন | মাদ্রাসার নাম, ঠিকানা ও এমপিওকোড | নিয়োগের বিষয়/পদ | প্রতিনিধির নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| ১ | চাঁন্দাইশ আলহাজ্ব অলিমিয়া ইসলামিয়া বহুমুখী আলিম মাদ্রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা। (এমপিওকোড-০৮১২১০২২০২) মোবাইল: ০১৮১৭-৩১৫০৭৬ | ১। অধ্যক্ষ-১টি (পদটি শূন্য) | জনাব মো: জাকির হোসাইন, উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইল: ০১৭৮৯১৬৫২১২ |
| ২ | মনতলী রহমানিয়া ফাযিল মাদ্রাসা, নাঙ্গলকোট, কুমিল্লা। (এমপিওকোড-০৮১২০৩২৩০১) মোবাইল: ০১৭১৬-৮৮৫৭৭১ | ১। অফিস সহকারী কাম হিসাব সহকারী-১টি (পদটি শূন্য) | জনাব নাদিয়া মাহমুদ, সহকারী পরিচালক (অডিট ও আইন শাখা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইল: ০১৮৮৪৫২১৪৫৩ |
| ৩ | জগতপুর আপ্তাবিয়া দারুল হুদা ফাযিল মাদ্রাসা, বুড়িচং, কুমিল্লা। (এমপিওকোড-০৮০৮০৩২৩০১) মোবাইল: ০১৭২৩-২৮৫৬৭৭ | ১। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১টি (পদটি সৃষ্টপদ) | জনাব বেনজীর আহমেদ, সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইল: ০১৭১১২০৬৯৭৭ |
| ৪ | কমলাপুর আলিম মাদ্রাসা, মুকসুদপুর, গোপালগঞ্জ। এমপিওকোড-(৩৪০৪১৬২১০১) মোবাইল: ০১৭১২-২২৩২২৩ | ১। সহ-সুপার-১টি (পদটি শূন্য) | জনাব মো: বাদশা মিয়া, পরিদর্শক (রংপুর বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবা: ০১৭১৮৯৩৮২০৯ |
| ৫ | গোদনাইল বাগপাড়া আলিম মাদ্রাসা, সদর, নারায়ণগঞ্জ। এমপিওকোড-(৩০০৭০৩২১০১) মোবাইল: ০১৭১৭-২৬৪৭১২ | ১। সুপার-১টি (পদটি শূন্য) ২। নিরাপত্তা কর্মী-১টি (পদটি নবসৃষ্ট) | জনাব মোঃ সুলতান আহমেদ সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও শারিরীক শিক্ষা) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইলঃ ০১৫৫২৪৫৮২০৯ |
| ৬ | চরসুবুদ্ধি ফাজিল মাদ্রাসা, রায়পুরা, নরসিংদী। এমপিওকোড-(৩১০৪১১২৩০১) মোবাইল: ০১৭১২-৮৭৭০৪১ | ১। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১টি (পদটি নবসৃষ্ট) ২। আয়া-১টি (পদটি শূন্য) | ড. মো: আবুল কালাম আজাদ, পরিদর্শক (ময়মনসিংহ বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবা: ০১৭১২-৮৬০৭০৩ |
| ৭ | বিনোদপুর আলিম মাদ্রাসা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। এমপিওকোড-(৮৫০৫০৭২২০১) মোবাইল: ০১৩০৯-১২৪৭০১ | ১। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১টি (শূন্যপদ) | জনাব মো: ইসমাইল হোসেন, সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদ্রাসা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইল: ০১৭০৩৩০১৫৯৯ |

শর্তাবলী:

০১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ:১১.১১.২০১৫ খ্রি:এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ:৩০.১২.২০১৫খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২. কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবেনা।

০৩. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো /পরিপত্রের অনুচ্ছেদ ৬.১ (ক), (খ) (গ), ও (ঘ)এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শূন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষ এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসেবে অংশ গ্রহণ করা যাবে না।

০৪. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো/পরিপত্রের অনুচ্ছেদ:১১ (১) এবং পরিশিষ্ট ঘ"মোতাবেক চাকুরীতে প্রবেশের বয়স সীমা, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসেবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

০৫. মহিলা কোটা পূরণের ক্ষেত্রে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামোর অনুচ্ছেদ:৯ (নয়) এর "খ"এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে)পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণ

করতে হবে।

০৬. প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৭. শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে তাঁর নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

০৮. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮খ্রি: (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর জনবল কাঠামো সংক্রান্ত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নিয়োগ যোগ্য পদ ও কমিটি নিয়ে মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,নারায়ণগঞ্জ-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুঙ্খানুপুঙ্খরুপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদ্রাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে" শর্তটি ডিজি'র প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদ্রাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

১১. **সাপ্তাহিক ছুটির দিনে (জাতীয় গুরুত্বপূর্ণ দিবস ব্যতিরেকে) সংশ্লিষ্ট মাদ্রাসায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।** নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন। নিয়োগের সুপারিশ করা না হলে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক মহাপরিচালক মহোদয়, এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্টদেরকে লিখিতভাবে অবহিত করতে হবে।১২। গভর্নিংবডি/ ম্যানেজিং কমিটির সভাপতি/সদস্য সচিব/অন্য সদস্য কিংবা মাদ্রাসার অধ্যক্ষ/সুপার/অন্য শিক্ষককের কোন নিকট আত্মীয় বর্ণিত নিয়োগে প্রার্থী থাকলে তিনি নিয়োগ কমিটিতে থাকতে পারবেন না।

১৩. **অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার ল্যাব অপারেটর এবং অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে**র নিয়োগে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ১৯ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৫৭.২৫. ০০০০..০০০.১৮.০০১.১৭.১৮৮৭ নং স্মারকের নির্দেশনা অনুসরণপূর্বক ব্যবহারিক পরীক্ষা নিশ্চিত করতে হবে ।

১৪. ডি.জি মহোদয় প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতিনিধি মনোনয়ন পরিবর্তনের ক্ষমতা সংরক্ষন করেন। উল্লেখ্য, মাদ্রাসার পরিচালনা কমিটি,অধিভূক্তি,স্বীকৃতি এবং পত্রিকার মেয়াদ উত্তীর্ণের কারণে অথবা অন্য যে কোন কারণে নিয়োগ বোর্ড বাতিল হলে পুনরায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানপূর্বক পরিচালনা কমিটি,অধিভূক্তি,স্বীকৃতির কপি এবং প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজ-পত্রসহ মহাপরিচালক ,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পুণরায় আবেদন করতে হবে।

সংযুক্তি: ১৪ ফর্দ।

প্রাপক:

১. জনাব মো: জাকির হোসাইন,
উপ-পরিচালক (প্রশাসন),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২. জনাব নাদিয়া মাহমুদ,
সহকারী পরিচালক (অডিট ও আইন শাখা),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩. জনাব বেনজীর আহমেদ,
সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪. জনাব মো: বাদশা মিয়া,
পরিদর্শক (রংপুর বিভাগ),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৫. জনাব মোঃ সুলতান আহমেদ
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও শারিরীক শিক্ষা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬. ড. মো: আবুল কালাম আজাদ,
পরিদর্শক (ময়মনসিংহ বিভাগ),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৭. জনাব মো: ইসমাইল হোসেন,
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদ্রাসা),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৬/০৬/২০২৩

হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০০৮.১৮.৩

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯
০৬ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, কুমিল্লা, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, চাঁপাইনবাবগঞ্জ।

২) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৩) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (মাশিঅ'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪) উপজেলা নির্বাহী অফিসার, নাঙ্গলকোট, বুড়িচং, মুকসুদপুর, নারায়ণগঞ্জ সদর, রায়পুরা, শিবগঞ্জ।

৫) অধ্যক্ষ..মাদ্রাসা, কুমিল্লা, গোপালগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, চাঁপাইনবাবগঞ্জ (নিয়োগ পরীক্ষার তারিখ নির্ধারণপূর্বক সংশ্লিষ্টদেরকে লিখিতভাবে অবহিত করবেন)।

৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাঙ্গলকোট, বুড়িচং, মুকসুদপুর, নারায়ণগঞ্জ সদর, রায়পুরা, শিবগঞ্জ।

৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

06.06.2023

মোঃ ইসমাইল হোসেন
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদ্রাসা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।